রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৬ সনের ৪৬ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৭, ২০১৬

সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৯০৩—৯১২ | ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৫৩ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৩৭১—১৪০৫ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) .....সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| | | (২) .....বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই | (৩) ..... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) ..... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) ..... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৪২১—১৪৪৮ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৬ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ/২১ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ০৫.০০.০০০০.১৮১.২৭.০০২.১৫-৪৬৬**—যেহেতু, জনাব মোহাম্মদ কাজী ফয়সাল(১৬০৬৫), সচিবের একান্ত সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয় সহকারী কমিশনার (ভূমি), তেজগাঁও সার্কেল, ঢাকা হিসেবে গত ১৯-০৫-২০১৩ হতে ০৭-০৫-২০১৪ পর্যন্ত কর্মরত ছিলেন। উক্ত কর্মকালে জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক তাঁর কার্যালয় পরিদর্শনকালে নামজারি ও জমাভাগ কার্যক্রমে বিভিন্ন অনিয়ম, "খ" তফসিলভুক্ত ২৫টি মিস মোকদ্দমার মাত্র ০৫টি নিষ্পত্তি করা, ১/১ নং খতিয়ানের নামজারি আবেদনের একটিও নিষ্পত্তি না করা, প্রতিটি মৌজায় বিপুল সংখ্যক আবেদন "না-মঞ্জুর" করা, সহকারীদের প্রস্তাবকে একমাত্র ভিত্তি করে বিনা নোটিশে যাচাই-বাছাই ও সরেজমিনে পরিদর্শন ছাড়াই সিদ্ধান্ত গ্রহণ, ২০১৩ সনে বিপুল পরিমাণ মিস কেস এর মধ্যে স্বল্প সংখ্যক নিষ্পত্তি করা, ২০১৩-১৪ অর্থবছরে ভূমি উন্নয়ন কর বকেয়া থাকলেও তা আদায়ে সহকারীদের নির্দেশনা প্রদান না করা, প্রশাসনের ভাবমূর্তি ক্ষুণ্ন করাসহ দায়িত্ব ও কর্তব্যে অবহেলার অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অপরাধে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শাতে বলা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা গত ২০-০৪-২০১৫ তারিখ লিখিত জবাব প্রদান করেন এবং তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে গত ২৪-০৫-২০১৫ তারিখ ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানিঅন্তে প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের সম্ভাবনা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় জনাব এ বি এম আমিন উল্লাহ নুরী (৫৬৪৬), উপসচিব, প্রশাসন-১(২) অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা গত ০৩-০৮-২০১৬ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় নি মর্মে চূড়ান্ত মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্র, তথ্য-প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয় নি;

সেহেতু, সার্বিক বিবেচনায় জনাব মোহাম্মদ কাজী ফয়সাল (১৬০৬৫), সচিবের একান্ত সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয় ও প্রাক্তন সহকারী কমিশনার (ভূমি), তেজগাঁও সার্কেল, ঢাকা-কে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**অধিশাখা-৭ (কলেজ-২)**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৩০ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ/১৪ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৬.১৪-৬**—যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ আতাউর রহমান (৪৬৫৩), উপাধ্যক্ষ, সহযোগী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), নবাব সিরাজ-উদদৌলা সরকারি কলেজ, নাটোর এর বিরুদ্ধে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় কেন্দ্র সচিবের দায়িত্বে থাকা অবস্থায় পরীক্ষার হলে নকলের সুযোগ দানের আশ্বাসে ছাত্র প্রতি ১০ টাকা হারে প্রতি দিন উত্তোলন করেছেন। তাছাড়া ২০১৫ শিক্ষা বর্ষে উচ্চ মাধ্যমিক ভর্তির কার্যক্রম চলাকালীন অধ্যক্ষ হিসেবে দায়িত্ব থাকাকালীন তার অবহেলার কারণে ভর্তি কার্যক্রম চরমভাবে বিঘ্নিত হওয়ার অভিযোগ তদন্তে প্রমাণ হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) মোতাবেক "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ০৭-০৮-২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে তিনি অভিযোগের বিপক্ষে যুক্তিসংগত কারণ ও যথাযথ তথ্য/উপাত্ত উপস্থাপন করতে সক্ষম হননি। সুতরাং তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হওয়ায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব মোঃ আতাউর রহমান (৪৬৫৩), উপাধ্যক্ষ, সহযোগী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি), নবাব সিরাজ-উদদৌলা সরকারি কলেজ, নাটোরকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি অনুযায়ী তার বার্ষিক বেতনবৃদ্ধি ০১(এক) বছরের জন্য স্থগিত করা হলো।

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০০৭.১৪-৬৬৮**—যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব শায়লা পারভীন (৮৪০৯), সহকারী অধ্যাপক (প্রাণিবিদ্যা), নাগরপুর সরকারি কলেজ, টাঙ্গাইল গত ০১-১০-২০১৩ তারিখ হতে অননুমোদিত-ভাবে অনুপস্থিতির কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ০৭-০৮-২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিতে তিনি জনান যে, কানাডা গিয়ে তিনি অসুস্থ হওয়ায় ০১-১০-২০১৩ তারিখ হতে ২৯-১১-২০১৩ তারিখ পর্যন্ত ছুটি বৃদ্ধির জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট আবেদন করেন। তাছাড়া সেখানে তিনি গিয়ে নানাবিধ রোগে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন ছিলেন। বর্তমানে তিনি সম্পূর্ণ সুস্থ হয়ে দেশে ফিরে ০৮-০৫-২০১৬ তারিখে যোগদানের জন্য আবেদন করেন। তিনি অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন। সার্বিক বিবেচনায় তার অননুমোদিত অনুপস্থিত সময়কালকে অর্ধগড় বেতনে অর্জিত ছুটি হিসেবে মঞ্জুর করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব শায়লা পারভীন এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবানবন্দি এবং আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তার অননুমোদিত অনুপস্থিত সময়কালকে (০১-১০-২০১৩ তারিখ হতে ০৮-০৫-২০১৬) তারিখ পর্যন্ত প্রাপ্যতা অনুযায়ী অর্ধগড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুর করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব।

---

**অধিশাখা-১৮**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৬ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ/২১ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ

**নং শিম/শাঃ১৮/৭ই বি-৩/৮৭/২৭৪**—মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর ইসলামী বিশ্ববিদ্যালয় আইন, ১৯৮০ এর ১২(১) ধারা অনুযায়ী এ বিশ্ববিদ্যালয়ের আইন এবং মুসলিম বিধান বিভাগের অধ্যাপক ড. মোঃ সেলিম তোহাকে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করেছেন:

(ক) কোষাধ্যক্ষ পদে তাঁর নিয়োগের মেয়াদ ৪(চার) বছর হবে। তবে মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজন মনে করলে এর পূর্বেই এ নিয়োগাদেশ বাতিল করতে পারবেন;

(খ) কোষাধ্যক্ষ পদে তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতন ভাতাদি পাবেন;

(গ) তিনি কোষাধ্যক্ষ পদে সংশ্লিষ্ট অন্যান্য সুযোগ সুবিধা ভোগ করবেন;

(ঘ) ইসলামী বিশ্ববিদ্যালয় আইন, ১৯৮০-এর ১২(৩)(৪)(৫)(৬) ও (৭) উপধারা অনুযায়ী তিনি দায়িত্ব পালন করবেন।

(ঙ) এ নিয়োগাদেশ তাঁর যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের আদেশক্রমে

**আবদুস সাত্তার মিয়া**
সহকারী সচিব (বিশ্ব.-২)।

**শাখা-২৪ (মাদ্‌রাসা-২)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৭ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ/২২ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৮৫.০২৫.১২৮.১৬.১২৭১**—শিক্ষা মন্ত্রণালয়ের গত ০১-০৬-২০১৫ খ্রিঃ তারিখের শিম/শাঃ১৪/বিবিধ-২-৮/২০০৮-১৬৩ নং প্রজ্ঞাপনের মাধ্যমে মাদ্‌রাসা শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠা করা হয়। মন্ত্রণালয়ের ০৯-০৯-২০১৫ খ্রিঃ শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮(অংশ)/২৭৪ নং আদেশের মাধ্যমে মাদ্‌রাসা শিক্ষা অধিদপ্তরের জন্য কর্মপরিধি নির্ধারণ করা হয়েছে। উক্ত কর্মপরিধির আলোকে মাদ্‌রাসা শিক্ষা সংক্রান্ত সকল কার্যক্রম পরিচালনার স্বার্থে গাজীপুরস্থ বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-কে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পরিবর্তে মাদ্‌রাসা শিক্ষা অধিদপ্তরাধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে নির্দেশক্রমে ন্যস্ত করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ শহীদুল্লাহ্**
সহকারী সচিব (মাদ্‌রাসা-২)।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**বিদ্যালয়-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ শ্রাবণ ১৪২৩/২৮ জুলাই ২০১৬

**নং ৩৮.০০৭.০১৫.০০.০০.০২.২০১৫-২১৭**—প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিশু কল্যাণ ট্রাস্টের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে উক্ত ট্রাস্টের ট্রাস্টি বোর্ড নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | মাননীয় মন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | - | চেয়ারপার্সন |
| ২. | মাননীয় প্রতিমন্ত্রী, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | | ভাইস চেয়ারপার্সন |
| ৩. | বেগম রহিমা আখতার, সংসদ সদস্য, ৩৩৬ মহিলা আসন-৩৬ | | সদস্য, সরকার কর্তৃক মনোনীত |
| ৪. | সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | | সদস্য (পদাধিকার বলে) |
| ৫. | বেগম মোছাঃ সেলিনা জাহান লিটা, সংসদ সদস্য, ৩০১, মহিলা আসন-১ | | সদস্য, সরকার কর্তৃক মনোনীত |
| ৬. | জনাব মোঃ হাসান মাসুদ<br>অধ্যক্ষ, ভবানীপুর ইসলামিয়া কামিল মাদ্রাসা<br>সদস্য, সিন্ডিকেট, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা<br>সদস্য, বোর্ড সভা, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা<br>সদস্য, বেসরকারি শিক্ষক/কর্মচারী কল্যাণ ট্রাস্ট, শিক্ষা মন্ত্রণালয় | | সদস্য, সরকার কর্তৃক মনোনীত |
| ৭. | জনাব আব্দুর কাদির মোল্লা, চেয়ারম্যান, থার্মেক্স গ্রুপ<br>আব্দুল মজিদ মোল্লা ফাউন্ডেশন, নরসিংদী | | সদস্য, সরকার কর্তৃক মনোনীত |

২। ট্রাস্টি বোর্ডের মনোনীত সদস্যবৃন্দের মেয়াদ প্রজ্ঞাপন জারির তারিখ থেকে ৩(তিন) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**গোপাল চন্দ্র দাস**
উপসচিব।

---

**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**আদেশ**

তারিখ, ২৭ শ্রাবণ ১৪২৩/১১ আগস্ট ২০১৬

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-৬/২০১৬-৩৪৯**—যেহেতু, জনাব মোঃ আশরাফ হোসেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩(ডি) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা একজন মুক্তিযোদ্ধা। আগামী ৩০-১১-২০১৬ তারিখে পিআরএলে যাবেন। ভবিষ্যতে সহকর্মীদের সাথে ভাল আচরণ করবেন এবং এ ধরনের অনিয়মের পুনরাবৃত্তি হবে না মর্মে অঙ্গীকার করেছেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, লিখিত জবাব ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনায় জনাব মোঃ আশরাফ হোসেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা এর বিরুদ্ধে আনীত অভিযোগগুলো সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(এ) মোতাবেক 'তিরস্কার' প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

এক্ষণে, সেহেতু, জনাব মোঃ আশরাফ হোসেন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(এ) মোতাবেক লঘুদণ্ড 'তিরস্কার' করা হল।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হুমায়ুন খালিদ**
সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**অধিশাখা-২ (মাঠ প্রশাসন)**

**আদেশাবলী**

তারিখ, ০১ আগস্ট ২০১৬

**নং ৩১.০০.০০০০.০৪৬.৫৮.০৬৬.১৪-৫৫১**—নির্দেশিত হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-০৫-২০১৬ তারিখের ০৫.১৫৬.০১৫.০৩.০০.১০০.১৯৯২-৫০ নং স্মারকপত্রে এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২ এর ৩০-০৬-২০১৬ তারিখের ০৭.১৫২.০০০.৩১.০০.০০০.৯৭-২৭৩ নং স্মারকে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ভূমি সংস্কার বোর্ডের অধীন বরিশাল বিভাগের উপ-ভূমি সংস্কার কমিশনার অফিসের জন্য অস্থায়ীভাবে

সৃজিত নিম্নবর্ণিত ০৩(তিন)টি পদ ০১-০৬-২০১৬ তারিখ হতে স্থায়ীকরণে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী |
|---|---|---|---|
| ১ | উপ-ভূমি সংস্কার কমিশনার | ০১(এক)টি | ৫০০০০—৭১২০০/- |
| ২ | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ০১(এক)টি | ১০২০০—২৪৬৮০/- |
| ৩ | অফিস সহায়ক | ০১(এক)টি | ৮২৫০—২০০১০/- |
| | মোট= | ০৩(তিন)টি | |

২। ইহাতে ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সদয় সম্মতি রয়েছে।

৩। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ জি, ও জারি করা হলো।

**নং ৩১.০০.০০০০.০৪৬.৫৮.০৬৬.১৪-৫৫২**—নির্দেশিত হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০৫-২০১৬ তারিখের ০৫.১৫৬.০১৫. ০৩.০০.০২৭.১৯৯৮(অংশ-১)-৫৯ নং স্মারকে এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ব্যয় নিয়ন্ত্রণ ও অভ্যন্তরীণ নিরীক্ষা অনুবিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-২ এর ৩০-০৬-২০১৬ তারিখের ০৭.১৫২.০১৫. ৩১.০০.০০০.৯৮-২৭৪ নং স্মারকে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ভূমি সংস্কার বোর্ডের জন্য অস্থায়ীভাবে সৃজিত নিম্নবর্ণিত ৫৭(সাতান্ন)টি পদ ০১-০৬-২০১৬ তারিখ হতে স্থায়ীকরণে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:—

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী |
|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান | ০১(এক)টি | ৭৮,০০০/- |
| ২ | সদস্য | ০২(দুই)টি | ৬৬০০০—৭৬৪৯০/- |
| ৩ | উপ-ভূমি সংস্কার কমিশনার | ০৩(তিন)টি | ৫০০০০—৭১২০০/- |
| ৪ | সহকারী ভূমি সংস্কার কমিশনার | ০৬(ছয়)টি | ২২০০০—৫৩০৬০/- |
| ৫ | চেয়ারম্যানের একান্ত সচিব | ০১(এক)টি | ২২০০০—৫৩০৬০/- |
| ৬ | হিসাব রক্ষণ কর্মকর্তা | ০১(এক)টি | ২২০০০—৫৩০৬০/- |
| ৭ | সাঁট-লিপিকার কাম কম্পিউটার অপারেটর | ০৬(ছয়)টি | ১১০০০—২৬৫৯০/- |
| ৮ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ০৫(পাঁচ)টি | ১০২০০—২৪৬৮০/- |
| ৯ | উচ্চমান সহকারী | ০৬(ছয়)টি | ১১০০০—২৬৫৯০/- |
| ১০ | হিসাবরক্ষক | ০১(এক)টি | ১১০০০—২৬৫৯০/- |
| ১১ | রেকর্ড কিপার | ০৬(ছয়)টি | ৯৩০০—২২৪৯০/- |
| ১২ | ড্রাইভার | ০৬(ছয়)টি | ৯৩০০—২২৪৯০/- |
| ১৩ | ক্যাশ সরকার | ০১(এক)টি | ৮৮০০—২১৩১০/- |
| ১৪ | ডেসপাস রাইডার | ০১(এক)টি | ৮৮০০—২১৩১০/- |
| ১৫ | অফিস সহায়ক | ০৭(সাত)টি | ৮২৫০—২০০১০/- |
| ১৬ | পত্র বাহক | ০১(এক)টি | ৮২৫০—২০০১০/- |
| ১৭ | নিরাপত্তা প্রহরী | ০২(দুই)টি | ৮২৫০—২০০১০/- |
| ১৮ | পরিচ্ছন্নতা কর্মী | ০১(এক)টি | ৮২৫০—২০০১০/- |
| | মোট= | ৫৭(সাতান্ন)টি | |

২। ইহাতে ভূমি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর সদয় সম্মতি রয়েছে।

৩। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জি, ও জারি করা হলো।

**মোঃ মনিরুজ্জামান মিঞা**
উপসচিব।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**শাখা-জামস**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২১ আগস্ট ২০১৬ খ্রিঃ

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-৩)/১০৬**—মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা (১) (ঘ) (ঙ) ও (ছ) মোতাবেক জেলা প্রশাসক, নওগাঁ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার নওগাঁ জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো:

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণী | নাম | পদবী |
|---|---|---|---|---|
| ১। | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম শাহানাজ বেগম, স্বামী-মোঃ অব্দুল মালেক, উকিল পাড়া, নওগাঁ। | চেয়ারম্যান |
| ২। | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম জহুরা ইসলাম, স্বামী-নূরুল ইসলাম, উকিল পাড়া, নওগাঁ। | সদস্য |
| ৩। | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম মমতাজ বেগম, স্বামী-মোঃ আবুল হোসেন, হোটেল পট্টি, নওগাঁ। | সদস্য |
| ৪। | ১০(১)(ঙ) | সমাজসেবা | বেগম ফেরদৌসী রহমান, স্বামী-ওয়েদুর রহমান, উকিল পাড়া, নওগাঁ। | সদস্য |
| ৫। | ১০(১)(ঙ) | সমাজসেবা | বেগম আঞ্জুমান আরা, স্বামী-সিরাজুল ইসলাম, মাস্টার পাড়া, নওগাঁ। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের বেগম শাহনাজ বেগম উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১১-০৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-৩)/১০৭**—মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা (১) (ঘ) (ঙ) ও (ছ) মোতাবেক জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার রাঙ্গামাটি পার্বত্য জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো:

| ক্রমিক নং | নাম | ঠিকানা | পদবী |
|---|---|---|---|
| ১। | মিসেস ফিরোজা বেগম (চিনু), এম,পি স্বামী-শাহ আনোয়ার | ভেদভেদী মুসলিম পাড়া, থানা-কোতয়ালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা। | চেয়ারম্যান |
| ২। | মিসেস শীলা রায়, স্বামী-দীলিপ বাহাদুর রায় | মাঝের বস্তি, তবলছড়ি, থানা-কোতয়ালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা। | সদস্য |
| ৩। | মিসেস জেবুনেসা রহিম, স্বামী-আব্দুর রহিম | চম্পকনগর, বনরুপা, থানা-কোতয়ালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা। | সদস্য |
| ৪। | মিসেস মেরী প্রু মারমা, স্বামী-বাচ্চু মারমা | মাঝের বস্তি, তবলছড়ি, থানা-কোতয়ালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা। | সদস্য |
| ৫। | মিসেস মনোয়ারা আক্তার জাহান, স্বামী-মোহাম্মদ জসীম উদ্দিন তালুকদার | মাঝের বস্তি, তবলছড়ি, থানা-কোতয়ালী, রাঙ্গামাটি পার্বত্য জেলা। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের মিসেস ফিরোজা বেগম (চিনু), এম,পি উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১১-০৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

**নং মশিবিম/শা-জামস/জেঃ কমিটি-৭/৯৯(অংশ-৩)/১০৮**—মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০ ধারার (৩) উপধারা (১) (ঘ) (ঙ) ও (ছ) মোতাবেক জেলা প্রশাসক, জয়পুরহাট জেলা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার জয়পুরহাট জেলা কমিটির সদস্য হিসেবে নির্দেশক্রমে মনোনীত করা হলো:

| ক্রমিক নং | সংশ্লিষ্ট ধারা | সদস্য শ্রেণী | নাম | পদবী |
|---|---|---|---|---|
| ১। | ১০(১)(ঙ) | সমাজসেবী | বেগম রেবেকা সুলতানা, স্বামী মৃত-আমজাদ হোসেন, সাং-মাদ্রাসাপাড়া, জয়পুরহাট। | চেয়ারম্যান |
| ২। | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | দিপালী রানী কুন্ডু, স্বামী-বাবু মহিম চন্দ্র মন্ডল, সাং-স্টেশনরোড, জয়পুরহাট। | সদস্য |
| ৩। | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম আসমা বেগম, স্বামী-আব্দুস সামাদ, সাং-কুটিবাড়ী ব্রীজ, জয়পুরহাট। | সদস্য |
| ৪। | ১০(১)(ছ) | বিশিষ্ট মহিলা | বেগম ইফফাত আরা নাসরিন লাকী, স্বামী-মোঃ খোকন, সাং-আরাফাতনগর, জয়পুরহাট। | সদস্য |
| ৫। | ১০(১)(ঘ) | শিক্ষিকা | বেগম রোজী খানম, স্বামী- মোঃ রফিকুল আলম, সাং-থানা রোড, জয়পুরহাট। | সদস্য |

২। উপরোল্লিখিত সদস্যগণের মধ্য হতে ১নং ক্রমিকের বেগম রেবেকা সুলতানা উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ৩১-০৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাসিনা আক্তার খানম**
সহকারী সচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**শৃংখলা-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২১ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭১.২০১৬-৫৯৯**—যেহেতু, ডাঃ মোঃ মফিজুর রহমান (১০০৩২৩৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, প্রেষণে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর), শেরেবাংলানগর, ঢাকা, ঢাকা জেলার উত্তরা পশ্চিম থানার মামলা নং-১(৪)১৬, তারিখ: ০১-০৪-২০১৬ (জিআর নং-১০৮/১৬) মোতাবেক পুলিশ কর্তৃক ১১-০৪-২০১৬ তারিখে গ্রেফতার হয়ে বিজ্ঞ আদালতের মাধ্যমে জেলহাজতে প্রেরিত হন;

যেহেতু, বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ফৌজদারী অভিযোগে অথবা দেনার দায়ে আটক সরকারি কর্মচারী গ্রেফতার হওয়ার তারিখ/জেলহাজতে প্রেরণের তারিখ হতে সাময়িক বরখাস্ত বলে বিবেচিত হবেন;

সেহেতু, ডাঃ মোঃ মফিজুর রহমান (১০০৩২৩৫), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা, প্রেষণে জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর), শেরেবাংলানগর, ঢাকাকে বি.এস.আর.পার্ট-১ এর ৭৩নং বিধির নোট-২ অনুযায়ী ১১-০৪-২০১৬ খ্রিঃ তারিখ থেকে সরকারি চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল;

সাময়িক বরখাস্তকালীন তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৩.২০১৬-৬০১**—যেহেতু, ডাঃ নাসরিন জাহান (৩৯৫০০), প্রাক্তন মেডিকেল অফিসার, নিপসম, মহাখালী, ঢাকাকে অস্ট্রেলিয়ার "Programme Promotion Officer" হিসেবে চাকুরীর নিমিত্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৯-০৮-২০০৭ তারিখের পার-৪/লিয়েন-৩৯/২০০৭-৪৫৮ নং স্মারকে ০৩(তিন) বছরের জন্য লিয়েন মঞ্জুর করা হয় এবং তিনি উক্ত লিয়েন ভোগ করার জন্য গত ১৬-০৯-২০০৭ তারিখে ছাড়পত্র গ্রহণ করেন;

যেহেতু, তিনি মঞ্জুরিকৃত লিয়েন ভোগ শেষে যথাসময়ে কর্মস্থলে যোগদান না করে গত ১৭-০৯-২০১১ খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, গত ১৫-০৯-২০১২ খ্রিঃ তারিখে তাঁর সরকারি চাকুরীতে অনুপস্থিকাল (অনুমোদিত এবং অনুমোদনবিহীন ছুটিসহ) ধারাবাহিকভাবে ০৫(পাঁচ) বছরের অধিক সময় অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরী স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ নাসরিন জাহান (৩৯৫০০), প্রাক্তন মেডিকেল অফিসার, নিপসম, মহাখালী, ঢাকা এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ১৬-০৯-২০১২ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

**আদেশ**

তারিখ, ২৯ আগস্ট ২০১৬ খ্রিঃ

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৬.২০১৬-৬১৭**—যেহেতু, ডাঃ এস. এম. আসাদুজ্জামান (১০৯৯১৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা গত ০১-০৭-২০১১ তারিখ হতে ১০-০৫-২০১৬ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১২-০৭-২০১৬ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৬.২০১৬-৫২১ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৬-০৮-২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, ব্যক্তিগত শুনানীর সময় তিনি জানান যে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ০৬-০২-২০১১ তারিখের স্বাপকম/চিশিজ-১শিক্ষা ছুটি ০৭/২০১১/৩৪ নং স্মারক মোতাবেক বিএসএমএমইউ, ঢাকায় নিউরোসার্জারী এমএস, (৩য়) পর্বে অধ্যায়নের নিমিত্ত শিক্ষা ছুটি ভোগ করেন। কিন্তু গত ২০১১ ইং সালের ৩০ জুন এর পর হতে তিনি শারীরিকভাবে মারাত্মক অসুখ এবং সড়ক দুর্ঘটনাজনিত কারণে বামপায়ের হাড় ভেঙ্গে যাওয়ায় সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা নিয়ে শয্যাশায়ী অবস্থায় ছিলেন এবং চলৎশক্তিহীন অবস্থায় বিছানায় দিনাতিপাত করছিলেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ এস. এম. আসাদুজ্জামান (১০৯৯১৬), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (মেডিকেল অফিসার), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারির তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত করে বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। এই স্থগিতজনিত বেতন-ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। তাঁর ০১-০৭-২০১১ খ্রিঃ তারিখ হতে ১০-০৫-২০১৬ তারিখ পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**বহিরাগমন অধিশাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ/১৪ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৪১.০২৫.০২৭.১১-১৫৮**—যেহেতু, দুর্নীতি দমন কমিশন কর্তৃক ১৯-০৭-২০১৬ তারিখে ঢাকা মহানগরীর শেরেবাংলানগর থানায় রুজুকৃত ফৌজদারী মামলায় (মামলা নং-১৬, দণ্ড বিধি ৪২০/৪৬৭/৪৬৮/৪৭১/১০৯ ধারা তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারা তারিখ ১৯-৭-২০১৬) বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা এর পরিচালক (সাময়িক বরখাস্তকৃত) জনাব মুনসী মুয়ীদ ইকরাম গ্রেফতার হন এবং বিজ্ঞ আদালত তাকে জেল হাজতে প্রেরণ করেন; এবং

২। যেহেতু, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg-VII)S-123/78/115(500), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী কোন কর্মচারী-কে গ্রেফতারের পর সাময়িক বরখাস্ত করার বিধান রয়েছে;

৩। সেহেতু, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg-VII)S-123/78/115(500), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের পরিচালক জনাব মুনসী মুয়ীদ ইকরাম- কে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো;

৪। বাংলাদেশ সার্ভিস রুলস (বি.এ.আর) পার্ট-১, বিধি ৭১ মোতাবেক সাময়িক বরখাস্তকালীন তিনি খোরাকি ভাতা প্রাপ্য হবেন;

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

**[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৬ জ্যৈষ্ঠ ১৪২২/২০ মে ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৪১.০১.০১৭.১১-৭০**—যেহেতু জনাব মুন্সী মুয়ীদ ইকরাম, পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা-এর বিরুদ্ধে গুরুতর অসদাচরণের অভিযোগ উত্থাপিত হয়েছে এবং যেহেতু অভিযোগের সাথে উক্ত কর্মকর্তার প্রাথমিকভাবে সম্পৃক্ততার প্রমাণ পাওয়া গিয়েছে, সেহেতু তাঁকে চাকুরী হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। তিনি বিধি মোতাবেক খোরাকী ভাতা (Subsistence Grant) এবং অন্যান্য ভাতাদি পাবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

**কারা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৮ ভাদ্র ১৪২৩/২৩ আগস্ট ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০২৪.০৫.০০২.১৪(অংশ-১)৩৩৫**—যাবজ্জীবন সাজাপ্রাপ্ত কয়েদীদের কারা বিধি ১ম খণ্ডের বিধি ৫৬৯ অনুযায়ী এবং ফৌজদারী কার্যবিধি এর ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত ৬(ছয়) জন কয়েদীর অবশিষ্ট কারাদণ্ড ও জরিমানা দণ্ড (প্রযোজ্য ক্ষেত্রে) মওকুফ করেছে:

| ক্রঃ নং | কয়েদী নম্বর, নাম, পিতার নাম ও বয়স | কারাগারের নাম |
|---|---|---|
| ১. | কয়েদী নং-৬২১০/এ নুরুল ইসলাম, পিতা-কানু মিয়া, সাং-বার্তা, থানা-মানিকগঞ্জ, জেলা-মানিকগঞ্জ, বয়স-৫৩ বছর। | ঢাকা কেন্দ্রীয় কারাগার |
| ২. | কয়েদী নং-৯০৬৭/এ হযরত আলী, পিতা-মৃত লালচান মোল্লা, সাং-বড় গুড়াইলা, থানা-হরিরামপুর, জেলা-মানিকগঞ্জ, বয়স-৫৫ বছর। | |
| ৩. | কয়েদী নং-২৫৫৯/এ ছলিম উদ্দিন, পিতা-মৃত আমির সেক, ঠিকানা-বাঘবেড়, থানা-ধোবাউড়া, জেলা-ময়মনসিংহ, বয়স-৪৬ বছর। | ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার |
| ৪. | কয়েদী নং-২২৪৮/এ ইদ্রিস আলী ফকির, পিতা-মৃত সৈয়দ আলী ফকির, ঠিকানা-কর নগুয়া, থানা-ফুলপুর, জেলা-ময়মনসিংহ, বয়স-৭৩ বছর। | |
| ৫. | কয়েদী নং-৬৪৫৮/এ, মোঃ মোস্তফা প্রাং, পিতা-মৃত ময়দান প্রাং, সাং-ছাতিয়ানী, থানা ও জেলা-পাবনা, বয়স-৫৪ বছর। | নাটোর জেলা কারাগার |
| ৬. | কয়েদী নং-৪০২৮/এ মোঃ আব্দুর রহিম ওরফে রহিংগা, পিতা-মৃত জয়নাল আবেদীন কাপনা, বিশ্বম্ভরপুর, বর্তমানে-নারায়নতলা, সুনামগঞ্জ, জেলা-সুনামগঞ্জ, বয়স-৪৮ বছর। | সিলেট কেন্দ্রীয় কারাগার |

২। এ আদেশে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশক্রমে

**মোহাম্মদ আলী**
সহকারী সচিব।

**আইন অধিশাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৩ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ/১৮ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৬-৪৮৭**—জয়পুরহাট জেলার পাঁচবিবি থানার মামলা নম্বর-৬১, তারিখ ২৫-০৮-২০১৫ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী, ২০১২) এর ৬(২)(ক)(ঈ) আসামী মোঃ আজাদুল এর বসতবাড়ীতে আসামী মোঃ নুরুল হোসেন, পিতা-মৃত ফুলচান, সাং-ডাহাকান্দি, থানা: বদলগাছি, জেলা: নওগাঁসহ অন্যান্য আসামীগণ দেশের বা প্রজাতন্ত্রেও সম্পত্তির ক্ষতিসাধন করার উদ্দেশ্যে জমায়েত হয়ে জনগণকে প্ররোচিত করার জন্য ষড়যন্ত্র করার অপরাধ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ [(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)] এর ধারা ৪০ উপ-ধারা (২) এর বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এফ এম তৌহিদুল আলম**
সহকারী সচিব।

**[একই নম্বর ও তারিখে জারীকৃত পত্রের স্থলাভিষিক্ত]**

**প্রশাসন-১ অধিশাখা**

**পরিপত্র**

তারিখ, ২৯ আষাঢ় ১৪২৩/১৩ জুলাই ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০১৯.২০.০০৬.১৬-৯৩৯**—বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামোতে সৃজিত পাসপোর্ট ও ভিসা উইং-এ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের মেশিন রিডেবল পারপোর্ট (এমআরপি) এবং মেশিন রিডেবল ভিসা (এমআরভি) দৈনন্দিন কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রথম সচিব ও দ্বিতীয় সচিব গণের কার্যপরিধি নিম্নরূপ:

(১) বিদ্যমান আইন ও বিধি অনুসরণ করে প্রবাসী বাংলাদেশী নাগরিকদের মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) প্রদান সম্পর্কিত যাবতীয় কার্যাবলি;

(২) বিদ্যমান আইন ও বিধি অনুসরণ করে বাংলাদেশ ভ্রমণে ইচ্ছুক বিদেশী নাগরিকদের মেশিন রিডেবল ভিসা (এমআরভি) প্রদান সম্পর্কিত সকল কার্যাবলি;

(৩) দ্বৈত নাগরিকত্ব, নাগরিকত্ব পরিত্যাগ ও নাগরিকত্ব প্রদান সংক্রান্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট নিম্নোক্ত কার্যাবলি:

(i) বিদেশী নাগরিকদের নাগরিকত্ব প্রদান বিষয়ক;

(ii) বাংলাদেশী/বাংলাদেশী বংশোদ্ভূতদের দ্বৈত নাগরিকত্ব প্রদান বিষয়ক;

(iii) বাংলাদেশের নাগরিকদের নাগরিকত্ব পরিত্যাগ সংক্রান্ত বিষয় নিষ্পত্তিকরণ;

(iv) বিদেশে অবস্থানরত বাংলাদেশী নাগরিকদের প্রাক-পরিচিতি যাচাই সাপেক্ষে পাসপোর্ট প্রদানের সম্মতি প্রদান;

(v) বাংলাদেশী নাগরিকদের পাসপোর্ট আটক, বাতিল ও কালো তালিকাভুক্তকরণ সংক্রান্ত কার্যাবলি;

(vi) ভ্রমণের কাজে ব্যবহৃত কাগজপত্রাদি সত্যায়ন;

(৪) মিশন প্রধানের নির্দেশনায় জনস্বার্থে সময়ে সময়ে অর্পিত অন্যান্য দায়িত্ব;

(৫) পাসপোর্ট ও ভিসা উইং-এর দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণ তাঁদের দাপ্তরিক কর্ম সম্পাদনের বিষয়ে সরাসরি মিশন প্রধানের নিকট দায়বদ্ধ থাকবেন।

(৬) পাসপোর্ট ও ভিসা উইং এর কর্মকর্তাগণ গৃহীত কার্যক্রম সম্পর্কে স্বরাষ্ট্র মন্ত্রণালয় নির্দেশিত ছক অনুসারে মাসিক এবং বার্ষিক প্রতিবেদন দিবেন।

(৭) কর্মকর্তাগণের বার্ষিক গোপনীয় প্রতিবেদন মিশন প্রধান অনুস্বাক্ষর করে তা প্রতিস্বাক্ষরের জন্য স্বরাষ্ট্র সচিব বরাবরে প্রেরণ করবেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**হাবিব মোঃ হালিমুজ্জামান**
উপসচিব।

---

## পুলিশ-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ০২ ভাদ্র ১৪২৩/১৭ আগস্ট ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৬৪.১৬-১০৫৪**—জনাব আলী আকবর খান, পুলিশ সুপার (বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঢাকা রেঞ্জ ডিআইজি অফিসে সংযুক্ত)-কে সরকারি চাকরির শৃঙ্খলা ভঙ্গ, অসদাচরণ এবং পুলিশ বাহিনীর ভাবমূর্তি ক্ষুণ্ন করায় এতদ্বারা তাকে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। সাময়িক বরখাস্তকালীন তিনি রংপুর রেঞ্জ ডিআইজি'র কার্যালয়ে সংযুক্ত থাকবেন এবং প্রচলিত বিধি মোতাবেক খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

## জনপ্রশাসন মন্ত্রণালয়
## উর্ধ্বতন নিয়োগ-১ অধিশাখা

### শোক প্রস্তাব

তারিখ, ৩১ অক্টোবর ২০১৬

নং **০৫.০০.০০০০.১৩০.৩২.৪৭৮.১২-৭৮৭**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত সচিব) জনাব জগদীশ রায় (৩৩৬৫) অগ্ন্যাশয়ের ক্যান্সারে আক্রান্ত হয়ে গত ২৭-১০-২০১৬ তারিখ রোজ বৃহস্পতিবার দিবাগত রাত ৩:০০ ঘটিকায় ঢাকাস্থ সোহরাওয়ার্দী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন।

২। জনাব জগদীশ রায় ১৯৫৮ সালের ১১ আগস্ট গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া উপজেলায় জন্মগ্রহণ করেন। ২১-০১-১৯৮৬ তারিখ সরকারি চাকরিতে যোগদানের পর হতে তিনি বিভিন্ন সরকারি দপ্তরে গুরুত্বপূর্ণ পদসমূহে কর্মরত ছিলেন। তিনি ০৮ ফেব্রুয়ারি ২০১২ তারিখে সরকারের অতিরিক্ত সচিব পদে পদোন্নতি প্রাপ্তির পর বেসামরিক বিমান কর্তৃপক্ষের সদস্য ও বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের নির্বাহী সদস্য পদে দায়িত্ব পালন করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত সচিব) হিসেবে কর্মরত ছিলেন।

৩। জনাব জগদীশ রায় একজন সৎ, কর্তব্যপরায়ণ ও নিষ্ঠাবান কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, এক পুত্র ও এক কন্যাসহ অসংখ্য আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনাব জগদীশ রায় এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করছে এবং শোক-সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

---

## জনপ্রশাসন মন্ত্রণালয়
## উর্ধ্বতন নিয়োগ-২ শাখা

### শোক বার্তা

তারিখ, ১২ কার্তিক ১৪২৩/২৭ অক্টোবর ২০১৬

নং **০৫.০০.০০০০.১৩১.০০.১৩৫.১৪-১৩৫৮/১**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (যুগ্মসচিব) জনাব মোঃ গোলাম মোস্তফা খান (৫৩২২) গত ০৫-১০-২০১৬ তারিখ সকাল ১০:১৫ ঘটিকায় ঢাকার এ্যাপোলো হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি........................রাজিউন)।

২। মরহুম মোঃ গোলাম মোস্তফা খান (৫৩২২) ০৭ ডিসেম্বর ১৯৫৯ তারিখে টাঙ্গাইল জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ২০ ডিসেম্বর ১৯৮৯ তারিখে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি গত ১৮ জুলাই ২০১৩ তারিখে সরকারের যুগ্মসচিব পদে পদোন্নতি লাভ করেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি বিভিন্ন পদে দায়িত্ব পালনের ধারাবাহিকতায় সর্বশেষে এ মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (যুগ্মসচিব) হিসেবে কর্মরত ছিলেন।

৩। মরহুম মোঃ গোলাম মোস্তফা খান দীর্ঘ চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী একজন কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী ও ০১(এক) কন্যাসহ বহু আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মরহুম মোঃ গোলাম মোস্তফা খান এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর রুহের মাগফিরাত কামনা করছে এবং মরহুমের পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

**বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২৬ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ/১০ নভেম্বর, ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ০৩.৭৫৯.০১৪.০০.০১.০০২.২০১৫-২১৮৭**—নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলার ছোটদেওভোগ, সোনাময়ী ও হাড়িয়া মৌজার আমান ইকোনমিক জোন নামে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপনের চূড়ান্ত লাইসেন্সপ্রাপ্তির জন্য আমান ইকোনমিক জোন এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ রফিকুল ইসলাম, ২নং ঈশাখাঁ এভিনিউ, সেক্টর-০৬, উত্তরা, ঢাকা-১২৩০ (আমান ইকোনমিক জোন, আমান গ্রুপ লিমিটেড এর অঙ্গ প্রতিষ্ঠান) কর্তৃক তাঁর মালিকানার দাবীকৃত জমির তফসিলসহ নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা বরাবরে আবেদন করা হয়েছে। উক্ত আবেদনমতে নিম্নবর্ণিত তফসিলভুক্ত তাদের দাবীকৃত মালিকানাধীন জমির পরিমাণ ৯০.২৩৮০ একর। উক্ত আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল নীতি, ২০১৫ এর অনুচ্ছেদ ৭(১) ও ৫(২) মোতাবেক জানানো যাচ্ছে যে, প্রস্তাবিত স্থানে বেসরকারি অর্থনৈতিক অঞ্চল স্থাপিত হলে তদ্দ্বারা ক্ষতিগ্রস্ত হতে পারেন এমন কোনো ব্যক্তি এ বিজ্ঞপ্তি প্রকাশের ২১ (একুশ) দিনের মধ্যে সচিব বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, বি ডি বি এল ভবন, লেভেল-১৫, ১২ কাওরান বাজার, ঢাকা-১২১৫ ঠিকানায় মতামত দাখিল করতে পারবেন। উক্ত স্থানে অর্থনৈতিক অঞ্চল স্থাপনের জন্য মাস্টার প্ল্যান অনুযায়ী পরিকল্পিতভাবে ভূমি উন্নয়নসহ উন্নত যোগাযোগ অবকাঠামো, শিল্প কারখান, অফিস ইত্যাদি স্থাপন করা হবে। প্রচলিত আইন মোতাবেক অগ্নিনির্বাপণ ব্যবস্থা গড়ে তোলা হবে। এতদ্ব্যতীত পানি শোধনাগার, গ্যাস ও বিদ্যুৎ লাইন, পয়ঃনিষ্কাশন ব্যবস্থা ও এফ্লুয়েন্ট ট্রিটমেন্ট প্লান্ট (ETP) সহ পাওয়ার প্লাট স্থাপন করা হবে।

**তফসিল-১**

জেলা-নারায়ণগঞ্জ, উপজেলা-সোনারগাঁও, মৌজা-ছোটদেওভোগ, জে, এল, নং-১১৫

আর. এস. খতিয়ান নং-৫, ১২, ১৯, ২১, ২৩, ২৬, ৩১, ৪৩, ৫২, ৫৮, ৬০, ৬৬, ৭২, ৭৫, ৭৭, ৭৮, ৮৭, ৮৮, ১০৯= মোট ১৯টি খতিয়ান।

আর. এস দাগ নং-১, ২, ৩, ৪, ৫, ৯ (আং), ১০, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬ (আং), ১৭, ১৮, ১৯, ২০ (আং), ২১, ২২ (আং), ২৩ (আং), ২৪ (আং), ২৫, ৬২, ৬৩ (আং), ৬৪ (আং), ৮৫, ৮৬, ৮৭, ৮৮, ৮৯, ৯০ (আং), ৯১ (আং), ৯২ (আং), ৯৩ (আং), ৯৪ (আং), ১০০ (আং), ১০১ (আং), ১০৪ (আং), ১০৫ (আং), ১০৭ (আং), ১০৮ (আং), ১৩৬ (আং), ১৩৭ (আং), ১৩৮ (আং), ১৪৩ (আং), ১৪৪ (আং), ১৪৫ (আং), ১৪৬ (আং), ১৪৮, ১৪৯, ১৫২, ১৫৩ (আং), ১৫৪ (আং), ১৫৫ (আং), ১৫৬ (আং), ১৫৭ (আং), ১৫৮ (আং), ১৫৯ (আং), ১৬০ (আং)= মোট ৫৯টি দাগ এবং জমির পরিমাণ ১৮৯৩.০৮ শতাংশ বা ১৮.৯৩০৮ একর।

চৌহদ্দিঃ উত্তরে-সোনাময়ী মৌজা, দক্ষিণে-অত্র মৌজার ব্যক্তি মালিকানাধীন অবশিষ্ট সম্পত্তি, পূর্বে-মেঘনা নদী, পশ্চিমে- হাড়িয়া মৌজা।

**তফসিল-২**

জেলা-নারায়ণগঞ্জ, উপজেলা-সোনারগাঁও, মৌজা-সোনাময়ী, জে, এল, নং-১১২

আর. এস. খতিয়ান নং-২, ৩, ৮, ১২, ১৪, ১৬, ১৮, ১৯, ২০, ২১, ২৩, ২৫, ২৮, ২৯, ৩২, ৩৭, ৪১, ৪৭, ৪৮, ৪৯, ৫০, ৫৩, ৫৬, ৫৯, ৬১, ৬২, ৬৪, ৬৫, ৬৮, ৭০, ৭৪, ৭৫, ৭৭, ৭৯, ৮১, ৮২, ৮৪, ৮৭ = মোট ৩৮টি খতিয়ান।

আর. এস দাগ নং-৪ (আং), ৫ (আং), ৭ (আং), ১০ (আং), ১৬ (আং), ২১ (আং), ২২ (আং), ৩২ (আং), ৩৩ (আং), ৩৪ (আং), ৩৫ (আং), ৩৬ (আং), ৩৭ (আং), ৩৮ (আং), ৪৪ (আং), ৪৬ (আং), ৪৭ (আং), ৪৮ (আং), ৪৯ (আং), ৫০ (আং), ৫১ (আং), ৫২ (আং), ৫৩ (আং), ৫৩/২৭৩ (আং), ৫৪ (আং), ৫৫ (আং), ৫৬, ৫৭ (আং), ৬০, ৬১ (আং), ৬২ (আং), ৬৩ (আং), ৬৪, ৬৫, ৬৬ (আং), ৬৮ (আং), ৬৯ (আং), ৭০, ৭১ (আং), ৭২ (আং), ৭৩ (আং), ৭৪ (আং), ৭৫, ৭৬, ৭৭ (আং), ৭৮, ৭৯, ৮০, ৮১, ৮২ (আং), ৮৩ (আং), ৮৪, ৮৫ (আং), ৮৬ (আং), ৮৭ (আং), ৮৮ (আং), ৮৯, ৯০, ৯১, ৯২ (আং), ৯৩, ৯৫, ১০৯, ১১১, ১১৩, ১১৬ (আং), ১১৭ (আং), ১১৯ (আং), ১২০ (আং), ১২১ (আং), ১২২ (আং), ১২৩ (আং), ১২৯, ১৪১ (আং), ১৪৮ (আং), ১৬০ (আং), ১৬১, ১৬৭ (আং), ১৬৮, ১৬৯, ১৭০, ১৭১, ১৭২, ১৭৪, ১৮০, ১৮৩, ১৮৫ (আং), ১৮৬ (আং), ১৮৭ (আং), ১৮৮ (আং), ১৮৯ (আং), ১৯০ (আং), ১৯১ (আং), ১৯২ (আং), ১৯৩ (আং), ১৯৪, ১৯৭ (আং) = মোট ৯৭টি দাগ এবং জমির পরিমাণ ৩৫১৮.১৪ শতাংশ বা ৩৫.১৮১৪ একর।

চৌহদ্দি ঃ উত্তরে-খাল, দক্ষিণে-ছোটদেওভোগ মৌজা, পূর্বে-মেঘনা নদী, পশ্চিমে- হাড়িয়া মৌজা।

**তফসিল-৩**

জেলা-নারায়ণগঞ্জ, উপজেলা-সোনারগাঁও, মৌজা-হাড়িয়া, জে, এল, নং-১২৪

আর. এস. খতিয়ান নং-৮, ১২, ১৩, ১৪, ১৫, ২৩, ২৯, ৩১, ৩২, ৩৯, ৪৫, ৪৭, ৬৩, ৬৫, ৬৬, ৭৩, ৭৪, ৭৫, ৭৭, ৮৩, ৮৯, ৯০, ১০৮, ১০৯, ১২২, ১২৩, ১২৫, ১২৭, ১২৯, ১৩২, ১৩৭, ১৩৮, ১৪০, ১৪৩, ১৫৩, ১৫৪, ১৫৫, ১৫৬, ১৫৮, ১৬২, ১৬৩, ১৭১, ১৮২, ১৮৬, ১৯৬, ১৯৭, ১৯৯, ২০২, ২০৫, ২০৯, ২১১, ২১৫, ২২২, ২৩৪, ২৩৫, ২৩৮, ২৪০, ২৫১, ২৬৮, ২৭৫, ২৭৭, ২৭৮, ২৭৯, ২৮৩ = মোট ৬৪টি খতিয়ান।

আর. এস দাগ নং-৩১৭ (আং), ৩৩৭ (আং), ৩৪০ (আং), ৩৪২ (আং), ৩৪৩ (আং), ৩৬৬ (আং), ৩৬৭ (আং), ৩৬৯ (আং), ৩৭০ (আং), ৩৭১ (আং), ৩৭৮ (আং), ৩৭৯ (আং), ৩৮০ (আং), ৩৮১ (আং), ৩৮২ (আং), ৩৮৩ (আং), ৩৮৪ (আং), ৩৮৫ (আং), ৩৮৬, ৩৮৭, ৩৮৮, ৩৮৯, ৩৯০ (আং), ৩৯১ (আং), ৩৯২ (আং), ৩৯৩ (আং), ৩৯৪ (আং), ৩৯৫, ৩৯৬ (আং), ৪০২ (আং), ৪০৪, ৪০৫ (আং), ৪০৬ (আং), ৪০৭ (আং), ৪০৮, ৪০৯, ৪১০ (আং), ৪১১, ৪১২, ৪১৪ (আং), ৪১৬ (আং), ৪১৭ (আং), ৪১৮ (আং), ৪১৯ (আং), ৪২২ (আং), ৪২৩ (আং), ৪২৪ (আং), ৪২৬ (আং), ৪৩৭, ৪৩৯ (আং), ৪৪১, ৪৪২ (আং), ৪৪৪ (আং), ৪৪৬, ৪৪৭, ৪৪৮ (আং), ৫০৭, ৫০৮, ৫০৯, ৫১০ (আং), ৫১৩ (আং), ৫১৪, ৫১৬ (আং), ৫১৭, ৫১৮, ৫১৯ (আং), ৫২০ (আং), ৫৬৫ (আং), ৫৬৬ (আং), ৫৬৭ (আং), ৫৬৮ (আং), ৫৬৯ (আং), ৫৭০ (আং), ৫৭১ (আং), ৫৭২ (আং), ৫৭৩, ৫৭৪ (আং), ৫৭৫, ৫৭৬, ৫৭৭, ৫৭৮, ৫৭৯ (আং), ৫৮০ (আং), ৫৮১ (আং), ৫৮২ (আং), ৫৮৩ (আং), ৫৮৪ (আং), ৫৮৫ (আং), ৫৮৬ (আং), ৫৮৭ (আং), ৫৮৮ (আং), ৫৯১ (আং), ৫৯২ (আং), ৫৯৩ (আং), ৫৯৪, ৫৯৮ (আং), ৫৯৯ (আং), ৬০০ (আং), ৬০১ (আং), ৬০২ (আং), ৬০৩ (আং) = মোট ১০১টি দাগ এবং জমির পরিমাণ ৩৬১২.৮৮ শতাংশ বা ৩৬.১২৫৮ একর।

চৌহদ্দি ঃ উত্তরে-অত্র মৌজার ব্যাক্তি মালিকানাধীন অবশিষ্ট সম্পত্তি, দক্ষিণে-বড়তিলক মৌজা, পূর্বে-ছোটদেওভোগ মৌজা ও সোনাময়ী মৌজা, পশ্চিমে-অত্র মৌজার ব্যক্তিমালিকানাধীন অবশিষ্ট সম্পত্তি।

নিবন্ধন নম্বর ও সাল ঃ ১২৮৬৬/১০, ১৫১৪৮/১০, ১৫১৪৯/১০, ১৬৫০১/১০, ১৬৪৪৮/১০, ১৬৪৪৭/১০, ১৩১১/১১, ৫৬৭৭/১১, ১৪৪০৭/১০, ১০১২২/১১, ১৬৯৮৬/১১, ১৩৪৭৪/১১, ১৫৮৫২/১০, ৪১৪৯/১২, ১৭৭৯/১৩, ৬৯৭১/১২, ৯৫৫০/১২, ১৪৯৫৯/১২, ১৭৮১৩/১৩, ১৯২২০/১৩, ১৯৮৪৭/১৩, ১৮২২/১৪, ২৪৮৫/১৪, ২৪৮৮/১৪, ১২৩৪৮/১৫, ৪৬০১/১৬, ৯৭৫৮/১৬, ৯৭৫৯/১৬, ৯৭৬০/১৬

৮১৭০/০৯, ১২০৮৯/০৯, ১২৮২৪/১০, ১৩৬৭২/০৯, ১৩৬৭৩/০৯, ৪৪০১/১০, ৪৩৯৭/১০, ৫৭৬০/১০, ৬৪৫১/১০, ৬৪৫২/১০, ৯০৭১/১০, ১৬১৩১/১০, ১৭৯১৫/১০, ১৯৮৬৭/১০, ৯৭৬৩/১০, ২০২১৫/১০, ২০২১৬/১০, ২০২১৪/১০, ১৯৮৯৯/১০, ১৩১২/১১, ১৯৮০/১১, ৩৬৩৪/১১, ৩৮২৪/১১, ৩৬৫৫/১১, ১২৮৪৩/১০, ৮৫৪১/১০, ৮৫৪২/১০, ৬১৮৫/১১, ৬২৬৫/১১, ১৩৯৩৮/১০, ১৩৮২৮/১০, ১০০৪৬/১১, ১১৭৫৮/১১, ১১৯২৮/১১, ২১৫৭২/১১, ২৩৮১৩/১১, ২৩৮১৪/১১, ৩৭৯/১২, ৫৮৩৯/১২, ২৬৪৩/১২,৩৪০২/১২, ১৩৪৭০/১২, ১৪৪১৬/১২, ১৪৮৮০/১২, ২২৩০৮/১২, ১২৮৪/১৩, ২৬৪৪/১৩, ৩০৪১/১৩, ১২৪০১/১৩, ৭৪০৭/১৩, ৭৯৬১/১৩, ৯৯৭৪/১৩, ১০৪৭৭/১৩, ১২৮৫৮/১৩, ১২৮৫৯/১৩, ১৪৩২৮/১৩, ১৩২৮০/১৩, ১৩২৭৯/১৩, ১৩৫৪৮/১৩, ১৪৯৩৪/১৩, ১৫৪৫৯/১৩, ১৭৪২৮/১৩, ১৮৫৫৭/১৩, ১৯৮৫০/১৩, ১৯৮৫৪/১৩, ১৯৮৫১/১৩, ২৩৮/১৪, ১৯৫/১৪, ৫৬৩/১৪, ৫৬৪/১৪, ৮৪৮/১৪, ১২০৩/১৪, ১৬৭৯/১৪, ২৪০১/১৪, ৫১৫৬/১৪, ৫১৫৯/১৪, ৬৩৫১/১৪, ৫১৫৯/১৪, ৬৭৬৭/১৪, ৮১০১/১৪, ৮৪৪১/১৪, ৮৯৯৪/১৪, ৮৯৯৫/১৪, ১৩৮৩১/১৪, ১৩৬৪১/১৪, ১৩৮৮৯/১৪, ১৬৩৫৮/১৪, ১৭১৫০/১৪, ৮৮৮৮/১৫, ১২৩৫৯/১৫, ১২৩৬০/১৫, ১২৮৯৭/১৫, ৫৩৯৯/১৬,

১২৪১১/০৯, ১২৪১০/০৯, ৮৪৩৫/১০, ১১৬০১/১০, ১২৬৭১/১০, ১৬০৩০/১০, ২০৪৭৫/১০, ৭৩০৬/১০, ১৯৮৬৭/১০, ১৯৭৯/১১, ৫৯২৩/১১, ৭৬৩৮/১১, ১১৩৮০/১১, ১১৯২৮/১১, ১২৫০৮/১১, ১২৪১৫/১১, ১২৪১৩/১১, ১২৫০৮/১১, ১৩৪৭৩/১১, ১৩৯৮০/১১, ১৮৬৩৩/১১, ১৮৬৩৫/১১, ২১৫৭২/১১, ২৩০২৯/১১, ২৪২৩০/১১, ২৫৬১০/১১, ২৫৫৯৩/১১, ১৩৩৫/১২, ১৪২০/১২, ২৫৫৪/১২, ২০৫৯/১২, ২৫৫২/১২, ৩২৮৫/১২, ৫৮৩৯/১২, ৩৪৯৭/১২, ৬৪৯৪/১২, ৬৪৯৩/১২, ৬৬৯০/১২, ৬৪১১/১২, ৮১২৫/১২, ৮৭১৪/১২, ৮৩৬৯/১২, ১০০২১/১২, ১০৯৬৫/১২, ১১০৮২/১২, ১১২৯৪/১২, ১৭০৭৮/১২, ১৪৪৮০/১২, ১৪৯৫৯/১২, ১৭০৬৪/১২, ১৫৯৭৪/১২, ১৯০০১/১২, ১৮৭৯৮/১২, ১৮৮৯১/১২, ১৮৮৮৬/১২, ১৯৮৪০/১২, ২০২০৫/১২, ২০৪০০/১২, ২২৩১৬/১২, ১২৮৫/১৩, ১৪৯৯/১৩, ১৯০৩/১৩, ৪৩৪৭/১৩, ৪৬৩০/১৩, ৭৯৯০/১৩, ৮১৫০/১৩, ১৩২৭৮/১৩, ১১১২২/১৩, ১২৬০৭/১৩, ১২৬০৮/১৩, ১২৮৫৮/১৩, ১৫৩৮২/১৩, ১৫৬১০/১৩, ১৫৬১১/১৩, ১৫৬১২/১৩, ১৬৭৮০/১৩, ১৬৮৫২/১৩, ১৭০২৮/১৩, ১৭০৪৮/১৩, ১৬৯৯৩/১৩, ১৭৮০৪/১৩, ১৯৮৪৯/১৩, ১৯৮৪৬/১৩, ১৯৮৫৩/১৩, ১৯৮৪৮/১৩, ২৪৮২/১৪, ২৬৪৪/১৪, ২৭৯৪/১৪, ২৯৬১/১৪, ৫৮১১/১৪, ৫৮৭৩/১৪, ১২৪৬৬/১৫, ১৬৯৬১/১৪, ১৬৯৬২/১৪, ১৫৪৬৫/১৫, ৩১৭১/১৬, ৪৫৮২/১৬, ৫৩৯৯/১৬, ১০১৩৩/১৬।

**মোহাম্মদ আইয়ুব**
সচিব।